

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৮৫

(أَبْوَابُ الْوتْر) विष्त /و

পরিচ্ছেদঃ নবী (্ৠ্র্র) এর উপর সালাত (দরূদ) পাঠের ফ্যীলত।

باب مَا جَاءَ فِي فَضْلِ الصَّلاَةِ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم

### আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ، عَنِ الْعَلاَءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَة، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ صلَلَّى عَلَىَّ صلاةً صلَّى الله عليه وسلم " مَنْ صلَلَّى عَلَىَّ صلاةً صلَّى الله عليه وسلم اللَّهُ عَلَيْهِ بِهَا عَشْرًا ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْف وَعَامِرِ بْنِ رَبِيعَة وَعَمَّارٍ وَأَبِي طَلْحَة وَأَنسٍ وَأُبَىِ بْنِ كَعْبٍ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَة حَدِيثُ وَعَمَّارٍ وَأَبِي طَلْحَة وَأَنسٍ وَأُبَى بْنِ كَعْبٍ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَة حَدِيثُ حَسَنٌ صَحَدِيثُ أَبِي هُرَيْرَة وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ قَالُوا صَلاَةُ الرَّبِ حَسَنٌ صَحِيحٌ. وَرُويَ عَنْ سُفْيَانَ الثَّوْرِيِّ وَغَيْرِ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ قَالُوا صَلاَةُ الرَّبِ الرَّحْمَةُ وَصَلاَةُ الْمَلاَئِكَةِ الإِسْتِغْفَارُ.

#### বাংলা

৪৮৫. আলী ইবনু হুজর (রহঃ) ...... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ যে, ব্যক্তি আমার উপর একবার সালাত (দুরুদ) পাঠ করবে, আল্লাহ তা'আলা তার উপর দশবার রহমত করবেন। - সহিহ আবু দাউদ ১৩৬৯, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৪৮৫ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুর রহমান ইবনু আওফ, আমির ইবনু রাবীআ, আম্মার, আবূ তালহা, আনাস ও উবাই ইবনু কা'ব রাদিয়াল্লাহু আনহুম থেকে হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। সুফইয়ান সাওরী (রহঃ) এবং আরো একাধিক আলিম থেকে বর্ণিত আছে যে, তাঁরা বলেন, আল্লাহ্ কর্তৃক সালাত পাঠ করা অর্থ হল রহমত নাযিল করা আর ফেরেশতাগণ কর্তৃক সালাত পাঠ করা অর্থ হ'ল মাগফিরাত কামনা করা।

### **English**

Abu Hurairah narrated that:

Allah's Messenger said: "Whoever sends Salat upon me, Allah sends Salat



## upon him ten times."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন